গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬
www.dpe.gov.bd

**প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও পরিবীক্ষণ প্রতিবেদন সংক্রান্ত ফিডব্যাক সভার কার্যবিবরণী।**

সভাপতি : জনাব এ জেড এম নুরুল হক, পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
তারিখ : ০৬ অক্টোবর ২০২২
সময় : বিকাল ২:৩০ ঘটিকা
স্থান : হোপ কনফারেন্স কক্ষে (৩য় তলা), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।

<u>আলোচ্য বিষয়:</u>

১। মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর) অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক;
২। বিবিধ।

(সভার হাজিরা সংশ্লিষ্ট ছবি পরিশিষ্ট-ক)

সভাপতি ও পরিচালক (প্রশাসন) প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সম্মতিক্রমে সভার কাজ আরম্ভ হয়। সভায় সকল বিভাগীয় উপপরিচালক ও কার্যক্রমের সাথে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ যথাসময়ে উপস্থিত হওয়ায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন। বিভাগীয় উপপরিচালকগণ কর্তৃক প্রেরিত জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২) অগ্রগতি ধারাবাহিকভাবে উপস্থাপনের জন্য জনাব মোছাম্মদ রোখসানা হায়দার, শিক্ষা অফিসার (প্রশাসন) কে অনুরোধ করেন। জনাব মোছাম্মদ রোখসানা হায়দার কর্তৃক উপস্থাপনার পরিপ্রেক্ষিতে বিস্তারিত আলোচনা শেষে নিম্নের সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

<table>
<tr><th>ক্রম:</th><th>বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th></tr>
<tr><td>১</td><td>মাঠ পর্যায়ের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক অগ্রগতি পর্যালোচনা ও ফিডব্যাক;</td><td>বিভাগীয় উপপরিচালকগণ যথাসময়ে ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন (জুলাই-সেপ্টেম্বর/২০২২) প্রেরণ করেছেন মর্মে সভায় অবহিত করা হয়। সভায় সকল বিভাগের অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা করা হয়। প্রতিবেদন মোতাবেক বিভাগ পর্যায়ের যে সকল কার্যক্রম সঠিকভাবে বাস্তবায়ন করা হয়নি সেগুলো বাস্তবায়নের নিমিত্ত আলোচনা করা হয়। ৮টি বিভাগের কার্যক্রমগুলো বিশ্লেষণপূর্বক নিম্নে উল্লেখযোগ্য কার্যক্রমগুলো উপস্থাপন করা হলো:
<table>
<tr><th>বিভাগের নাম</th><th>কার্যক্রম</th><th>লক্ষ্যমাত্রা</th><th>অগ্রগতি ও নির্দেশনা</th></tr>
<tr><td>ঢাকা</td><td>কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে।</td><td>১০০% বাস্তবায়িত</td><td>প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।</td></tr>
<tr><td>রাজশাহী</td><td>১.৩ ক্রমিকের অংশীজনের সভা অনুষ্ঠিত হয়নি।</td><td>১০০% বাস্তবায়ন হয়নি</td><td>লক্ষ্যমাত্রা অর্জনে পরবর্তী ত্রৈমাসিকে অংশীজনের ০২টি সভা করতে হবে। প্রমানকসমূহ নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে।</td></tr>
<tr><td>খুলনা</td><td>সকল কার্যক্রম নির্দিষ্ট</td><td>১০০% বাস্তবায়ন</td><td>ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা</td></tr>
</table></td><td>বিভাগ পর্যায়ের ১ম ত্রৈমাসিক অগ্রগতির প্রতিবেদন পর্যালোচনা সংক্রান্ত ফিডব্যাক সভার নির্দেশনা মোতাবেক অগ্রগতির প্রতিবেদন পরিমার্জন করে আগামী ০৯/১০/২০২২ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে প্রেরণ করতে এবং স্ব-স্ব ওয়েবসাইটে আপলোড করতে হবে। বাস্তবায়ন: বিভাগীয় উপপরিচালক (সকল)।</td></tr>
</table>

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| | | | সময়ের মধ্যে বাস্তবায়িত। | | হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | বরিশাল | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত। | ১০০% বাস্তবায়ন | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | রংপুর | সকল কার্যক্রম নির্দিষ্ট সময়ের মধ্যে বাস্তবায়িত। | ১০০% বাস্তবায়ন | ধারাবাহিকতা অব্যাহত রাখতে হবে। প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | সিলেট | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | চট্রগ্রাম | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত | প্রতিবেদনের সাথে প্রমানক সংযুক্ত করা হয়নি। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |
| | | ময়মনসিংহ | কর্মপরিকল্পনা মোতাবেক সকল কার্যক্রম বাস্তবায়ন করা হয়েছে। | ১০০% বাস্তবায়িত তবে অর্জিতমান ছকে লিপিবদ্ধ করা হয়নি | অর্জিতমান নির্ধারিত নম্বরে লিপিবদ্ধ করতে হবে। প্রমানক নিজ দপ্তরে সংরক্ষণ ও প্রযোজ্য ক্ষেত্রে ওয়েবসাইটে প্রকাশ এবং ত্রৈমাসিক প্রতিবেদনের সাথে সংযুক্ত করতে হবে। | |

২। বিভাগ পর্যায়ে জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনা ২০২২-২০২৩ এর ১ম ত্রৈমাসিক (জুলাই-সেপ্টেম্বর/২০২২) নির্দিষ্ট তারিখের মধ্যে প্রেরণ করায় সভাপতি সকল বিভাগীয় উপপরিচালকগণকে ধন্যবাদ জানান। বিবিধ বিষয়ে আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন ।

০৬.১০.২২


এ জেড এম নূরুল হক
পরিচালক (প্রশাসন)
ফোন: ০২-৫৫৭৪৮২৯
ই-মেইল: diradmindpe@gmail.com

স্মারক নম্বর- ৩৮.০১.০০০০.১০৭.১৮.০০৬.২২-২৮০(২৫০) তারিখ: ২৫ আশ্বিন, ১৪২৯
১০ অক্টোবর, ২০২২

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে:

১। পরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর।
২। বিভাগীয় উপপরিচালক (সকল), প্রাথমিক শিক্ষা, বিভাগ/ সিনিয়র সিস্টেম এনালিস্ট (আইএমডি), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (ওয়েবসাইটের শুদ্ধাচার বক্সে আপলোডের অনুরোধসহ)।
৩। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার/ পিটিআই সুপারিনটেনডেন্ট (সকল) জেলা।
৪। মহাপরিচালক মহোদয় এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৫। অতিরিক্ত মহাপরিচালক/ অতিরিক্ত মহাপরিচালক পিডিইপি-৪ এর ব্যক্তিগত সহকারী, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর (অতিরিক্ত মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৬। অফিস কপি।

10/10/2022

মোঃ ইমামুল ইসলাম
উপপরিচালক (সংস্থাপন)